গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চৌহালী, সিরাজগঞ্জ
www.chauhali.sirajganj.gov.bd

নম্বর- ০৫.৪৩.৮৮২৭.০০০.০৫.০০৬.২৪-২০৯

তারিখ ঃ ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩ (১) অনুযায়ী গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | শূন্য পদ | নিয়োগের পদ্ধতি | নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | বেতন ভাতা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১. | ০১নং সদিয়া চাঁদপুর | ০৪ | মহল্লাদার | ০১ | সরাসরি নিয়োগের মাধ্যমে | * যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী অথবা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>***পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে শারীরিক যোগ্যতা-**<br>ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি;<br>খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ);<br>গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;.<br>***মহিলা প্রার্থীদের ক্ষেত্রে শারীরিক যোগ্যতা-**<br>ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট;<br>খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ);<br>গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি; | সরকারি অংশ ৩,২৫০/- এবং ইউপি অংশ ৩,২৫০/- সর্বমোট ৬,৫০০/- এছাড়া সরকার প্রদত্ত অন্যান্য ভাতা |
| ০২. | ০৩নং ঘোরজান | ০৬ | মহল্লাদার | ০১ | | | |
| সর্বমোট নিয়োগযোগ্য মহল্লাদার পদের সংখ্যা | | | | ০২ | | | |

<u>নিয়োগের শর্তাবলী:</u>

১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২) **প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।**

৩) মহল্লাদার পদে আবেদনকারীর বয়স আগামী ৩০-০৪-২০২৪ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪) আবেদনপত্রে (ক) প্রার্থীর নিজের নাম (বাংলা ও ইংরেজি) (খ) মাতার নাম (গ) পিতা/স্বামীর নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (৩০-০৪-২০২৪ খ্রি. তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ বরাবর প্রার্থীকে স্বহস্তে আবেদন লিখতে হবে।

৫) মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর ৭নং কলামে উল্লিখিত প্রয়োজনীয় শারীরিক ও শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

৬) **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:** (ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা (০৩) তিন কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সনদপত্রের সত্যায়িত অনুলিপি (গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (ঙ) সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য কর্তৃক ঐ ওয়ার্ডের বাসিন্দা সম্পর্কিত সার্টিফিকেট, যা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে (চ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও জন্ম নিবন্ধন সনদ প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত অনুলিপি (ছ) এতিম ও প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি, পোষ্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি ইত্যাদি সংযুক্ত করতে হবে।

৭) **আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে 'উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ' এর অনুকূলে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।**

৮) আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ এর বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ৩০-০৪-২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অর্থাৎ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে। ধার্য তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-০২

৯) প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স অবশ্যই একই হতে হবে। এ ক্ষেত্রে কোন তথ্য গোপন করলে বা প্রমাণিত হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হলে মৃত ও অবসরপ্রাপ্ত মহল্লাদারদের পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে। মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবার্তা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। উপর্যুক্ত সনদপত্রের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১১) নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ, চৌহালী থানা/এনায়েতপুর থানা হতে চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহণ করতে হবে।

১২) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১৩) প্রার্থীকে ডাকযোগের ঠিকানা সম্বলিত অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাক টিকিটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের একটি অফেরতযোগ্য খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর অবশ্যই পদের নাম ও কোটার নাম উল্লেখ করতে হবে।

১৪) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময়ে প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা ও দাখিলকৃত অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৫) আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৬) কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৮/০৪/২০২৪

(মাহবুব হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
চৌহালী, সিরাজগঞ্জ
ফোন # ০১৭৩৩-৩৩৫০৩৮ (দাপ্তরিক)
E-mail: unochowhali@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৩.৮৮২৭.০০০.০৫.০০৬.২৪-২০৯/১(১৫)

তারিখ : ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো)

০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ
০৪। উপজেলা ..................................অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ
০৫। অফিসার ইনচার্জ, চৌহালী থানা/এনায়েতপুর থানা, চৌহালী, সিরাজগঞ্জ
০৬। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, চৌহালী, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। চেয়ারম্যান/সচিব, ০১ নং সদিয়া চাঁদপুর/০৩নং ঘোরজান ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে/ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে/ইউনিয়ন তথ্য বাতায়নে/হাট-বাজারে টাঙ্গিয়ে ও বহুল প্রচার করে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, বেতিল ইউনিয়ন ভূমি অফিস/মালিপাড়া ইউনিয়ন ভূমি অফিস, চৌহালী, সিরাজগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের হাট-বাজারে লটকানোসহ ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচার করে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
০৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, চৌহালী/এনায়েতপুর, চৌহালী, সিরাজগঞ্জ
১০। নোটিশ বোর্ড/অফিস কপি

১৮/০৪/২০২৪

(মাহবুব হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
চৌহালী, সিরাজগঞ্জ
ফোন # ০১৭৩৩-৩৩৫০৩৮ (দাপ্তরিক)
E-mail: unochowhali@mopa.gov.bd